

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর
www.dgc.edu.bd
স্থাপিত-১৯৪২ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি নম্বর: দিসক/দিনাজ/প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত)/২৩-২৪/২০২৬/৬০

তারিখ: ০২ মার্চ ২০২৬ খ্রিষ্টাব্দ

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে বিষয়ভিত্তিক মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

(সূত্র: স্মারক নং-১৬(৬৯৩)জাতী:বি:/রেজি:/একা:/প্রিলিমিনারী টু মাস্টার্স/২০২৩-২০২৪/৫৭৩১ তারিখ: ২৪/০২/২০২৬)
২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে।

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে মেধা তালিকার ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

ক্র. নং	বিবরণ	তারিখ
(ক)	মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরমপূরণ ও এর প্রিন্ট কপি সংগ্রহের তারিখ: শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Applicant Login অপশন থেকে Masters Preli. (Regular) Login এ ক্লিক করে সঠিক রোল ও পিন এন্ট্রি দিয়ে ভর্তি ফরম পূরণ করতে হবে। তবে ইতোপূর্বে কোথাও ভর্তি হয়ে থাকলে তাকে অবশ্যই ১২ মার্চ ২০২৬ তারিখের মধ্যে পূর্ববর্তী ভর্তি বাতিল করে অনলাইনে ভর্তি ফরমপূরণ করতে হবে।	০২/০৩/২০২৬ থেকে ৩০/০৩/২০২৬
(খ)	মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীকে www.dgc.edu.bd প্রবেশ করে পেমেন্ট Admission এ প্রবেশ করে ভর্তি ফরমের রোল দিয়ে পরবর্তী কার্যক্রম শেষ করতে হবে। কলেজ সার্ভারে সকল তথ্য দেয়ার পর প্রিন্ট প্রিভিউ অপশন আসবে। সেখানে সঠিক তথ্য দেয়ার পর কোন ভুল ত্রুটি হলে Edit করে ভুল সংশোধন করে ভর্তি ফরম Submit করতে হবে। একবার Submit করার পর আর ভুল সংশোধন করা যাবে না। Submit হওয়ার পর ডাচ বাংলা ব্যাংক লিমিটেড এর গেটওয়ের মাধ্যমে রকেট/নেক্সাস পে এর মাধ্যমে নিজ নিজ বিষয়ের ফি নির্ধারিত থাকবে। নির্ধারিত ফি পরিশোধের পর কলেজের ভর্তির চূড়ান্ত ফরম ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরম ও কলেজের ফি পরিশোধের ডাউনলোডকৃত ফরম ছাড়া ভর্তি সম্পন্ন হবে না। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরম ও কলেজের ফি পরিশোধের ডাউনলোডকৃত ফরম নিজ নিজ বিভাগে নির্দিষ্ট সময়ের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে ফরমসমূহ জমাদানে ব্যর্থ হলে ভর্তি বাতিল বলে গণ্য হবে। জমাদানের তারিখ ও সময়:	০৩/০৩/২০২৬ থেকে ৩১/০৩/২০২৬ (বিকাল ০৪:০০ টার পর কোনো ফরম গ্রহণ করা হবে না)
(গ)	সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক মেধা তালিকায় স্থানপ্রাপ্ত এবং চূড়ান্ত মনোনিত শিক্ষার্থীদের ভর্তি নিশ্চয়নের তারিখ: ভর্তি কমিটির আহ্বায়ক যথাসময়ে OTP প্রদান করবেন।	০৩/০৩/২০২৬ থেকে ০১/০৪/২০২৬

ভর্তি ফি এর পরিমাণ:

বিভাগের নাম	টাকার পরিমাণ	মন্তব্য
বাংলা, ইংরেজি, অর্থনীতি, দর্শন, ইতিহাস, সমাজবিজ্ঞান ও রাষ্ট্রবিজ্ঞান,	৫১১০/-	সকল বিভাগের পরিশোধকৃত মোবাইল ব্যাংকিং চার্জ ১৫/- (পনেরো) টাকা
হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা	৪৯৬০/-	
পদার্থবিদ্যা, রসায়ন, গণিত, উদ্ভিদবিদ্যা ও প্রাণিবিদ্যা	৫২০০/-	

বিশেষ জরুরি দৃষ্টব্য: কলেজের ওয়েব সাইটের মাধ্যমে ভর্তির সময় অবশ্যই শিক্ষার্থীর নিজের মোবাইল সচল নম্বর ব্যবহার করতে হবে এবং উক্ত মোবাইল নম্বর কলেজের রেজিস্ট্রেশন মেয়াদ থাকা পর্যন্ত অবশ্যই ব্যবহার করতে হবে। কোনক্রমেই পিতা/মাতা/আইনত বৈধ অভিভাবক ছাড়া ভাই, বোন, আত্মীয় স্বজন, বন্ধু-বান্ধব বা অন্য কারও মোবাইল নম্বর ব্যবহার করা যাবে না। কলেজের সকল গুরুত্বপূর্ণ নোটিশ প্রদানকৃত মোবাইলে এস.এম.এস এর মাধ্যমে জানানোর স্বার্থে অবশ্যই বর্ণিত নির্দেশনা অনুসরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।




ভর্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্র:

ভর্তির আবেদনপত্রের সাথে যেসব কাগজপত্র সংযুক্ত করতে হবে:


- (ক) অনলাইন হতে ডাউনলোডকৃত ভর্তি আবেদন ফরম ০২ (দুই) কপি;
 - (খ) অনলাইনে ভর্তির যাবতীয় ফি প্রদানের অনলাইন প্রিন্ট কপি;
 - (গ) অনলাইনে প্রাথমিক আবেদন ফি বাবদ ৪০০/- (চারশত) টাকা প্রদানের অনলাইন প্রিন্ট কপি;
 - (ঘ) ডিগ্রি পাস/সমমানের নম্বরপত্রের ফটোকপি;
 - (ঙ) ডিগ্রি পাস/সমমানের সনদপত্রের ফটোকপি;
 - (চ) ডিগ্রি পাস রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি;
 - (ছ) এস.এস.সি, এইচ.এস.সি ও ডিগ্রি পাস/সমমানের সকল মূল নম্বরপত্র ও সনদপত্র।
 - (জ) দ্বৈত ভর্তি সম্পর্কিত অঙ্গিকারনামার সত্যায়িত কপি;
 - (ঝ) পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি;
 - (ঞ) মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/প্রতিবন্ধি/পোষ্য কোটায় ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের প্রয়োজনীয় সনদপত্র দাখিল করতে হবে।
- (সকল কাগজপত্র একটি (12"x10") খাঁকি খামে ঠিকানা ও মোবাইল নম্বরসহ স্ব স্ব বিভাগে জমা দিতে হবে)

প্রতিস্বাক্ষরিত


০৩/০৬/২০২৪
(প্রফেসর মোঃ লুৎফর রহমান)

অধ্যক্ষ

দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর


০২/০৬/২০২৪

(প্রফেসর মো. মোস্তাফিজুর রহমান খান)

আহ্বায়ক

প্রিলিমিনারী টু মাস্টার্স ভর্তি, রেজিস্ট্রেশন

ও

পরীক্ষা কমিটি ২০২৩-২০২৪

দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

অনুলিপি:

- ১। উপাধ্যক্ষ, দিনাজপুর সরকারি কলেজ
- ২। সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান, দিনাজপুর সরকারি কলেজ
- ৩। হিসাব শাখা ও ক্যাশ শাখা, দিনাজপুর সরকারি কলেজ
- ৪। অফিস নথি